নমুনা প্রশ্ন

| বিষয় কোড ঃ | ২ | ৩ | ২ |
|---|---|---|---|

# এইচ এস সি পরীক্ষা - ২০১৪

## বিষয় : ব্যবসায় উদ্যোগ ২য় পত্র (সৃজনশীল)

সময় : ২ ঘন্টা ১০ মিনিট পূর্ণমান : ৬০

**[ ৯টি প্রশ্ন থেকে যেকোনো ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০ ]**

১। মি. রাকিব পর্যটন একাডেমী থেকে রান্নার উপর প্রশিক্ষণ নিয়ে নিজস্ব চিন্তা ও বুদ্ধিমত্তাকে কাজে লাগিয়ে ৩ জন শ্রমিক নিয়ে ঢাকার ধানমন্ডি এলাকায় একটি ফাস্টফুডের দোকান স্থাপন করেন। ক্রেতাদের ব্যাপক সাড়া পেয়ে তিনি হাতিরঝিলে আরো একটি ফাস্টফুডের দোকান স্থাপনের লক্ষ্যে ৫ জন কর্মচারী নিয়োগ দেন এবং জায়গা ভাড়া নেন।

ক. জনসম্পদ কোন পরিবেশের উপাদান ? ১

খ. আত্মকর্মসংস্থানমূলক পেশা বলতে কী বুঝায় ? ২

গ. মি. রাকিবের ফাস্টফুডের দোকান স্থাপনের ক্ষেত্রে পরিবেশের কোন উপাদান মূখ্য ভূমিকা রেখেছে ? ব্যাখ্যা কর। ৩

ঘ. নতুন করে আরো একটি ফাস্টফুডের দোকান স্থাপনের যৌক্তিকতা মূল্যায়ণ কর। ৪

২। মি. দেলোয়ার যশোর অঞ্চলের বাসিন্দা। ঐ অঞ্চলের মানুষের বিভিন্ন অনুষ্ঠানে ফুলের ব্যবাহর দেখে তিনি কয়েক বিঘা জমি লিজ নিয়ে বিভিন্ন ধরনের ফুলের চাষ শুরু করেন। স্থানীয় চাহিদা মিটিয়ে তিনি প্রচুর পরিমাণ ফুল ঢাকার বিভিন্ন ফুল বিতানে সরবরাহ করেন। কিছু দিন আগে কলকাতা থেকে ফুল কেনার প্রস্তাব এসেছে। ব্যাপক চাহিদা মেটানোর জন্য উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা করছেন।

ক. আইন-শৃঙ্খলা পরিস্থিতি কোন পরিবেশের উপাদান ? ১

খ. ব্যবহারিক ব্যবস্থাপনা বলতে কী বুঝায় ? ২

গ. স্থানীয় পরিবেশের কোন উপাদান বিবেচনায় নিয়ে মি. দেলোয়ার ফুল চাষ শুরু করেন ? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. দেলোয়ারের ফুলের উৎপাদন বৃদ্ধিতে করণীয় নির্দেশ কর। ৪

৩। মীর সাহেব একজন সফল মৎস চাষি। ২০১০ সাল থেকে তিনি ২৫০ শতাংশ আয়তন বিশিষ্ট একটি বড় পুকুরে একই সাথে রুই, কাতলা, মৃগেল ও কার্প জাতীয় মাছের চাষ করছে। মৎস চাষের সুবিধার্থে তিনি আরও ১টি আতুর পুকুর ও ১টি চারা পুকুরের ব্যবস্থা করেছেন। দ্রুত বৃদ্ধির জন্য মীর সাহেব সুষম খাদ্য প্রদান করেন। এছাড়াও খৈল, ভূষি ও চাউলের কুড়া সম্পুরক খাদ্য হিসেবে প্রদান করেন। কিন্তু মাঝে মাঝে সূালোক ও অক্সিজেন সরবরাহে ঘাটতি দেখা দেয় এবং বেশ কিছু মাছ গত বছর মারা যায়।

ক. যন্ত্রপাতি বিন্যাসের পদ্ধতি কয়টি ? ১

খ. উৎপাদন পরিকল্পনা বলতে কী বুঝায় ? ২

গ. উদ্দীপকে মীর সাহেব কোন পদ্ধতিতে মৎস চাষ করছেন ? ব্যাখ্যা কর ৩

ঘ. উদ্দীপক অনুযায়ী মৎস চাষে মীর সাহেবের সম্পূরক খাদ্য প্রদানের যৌক্তিকতা মূল্যায়ণ কর ৪

Copyright @ Md Shah Jamal | ebd24.com

http://ebd24.com

৪ অনন্ত মাহমুদ তার বাড়ি সংলগ্ন ১০ কাঠা উঁচু জমিতে কাজী পেয়ারা চাষ শুরু করেন। এ প্রকল্পে তার স্থায়ী বিনিয়োগ ৪৮,০০০ টাকা এবং চলতি বার্ষিক ব্যয় ৫৩,২৫০ টাকা। তার মোট প্রকল্প ব্যয় ১,০১,২৫০ টাকা। বিনিয়োজিত অর্থের মধ্যে উদ্যোক্তার নিজস্ব তহবিল ৬০,০০০ টাকা, বন্ধু-বান্ধব থেকে কর্জ ২০,২৫০ টাকা এবং ১৫% ব্যাংক ঋণ ২১,০০০ টাকা। মি. অনন্ত মাহমুদ এ বছর ৯০,০০০ টাকার পেয়ারা বিক্রি করেন এবং ৩৬,৭৫০ টাকা মুনাফা অর্জন করেন।

ক. উদ্যানজাতীয় ফসল কী? ১

খ. খামার ব্যবস্থাপনা বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে অনন্ত মাহমুদের বিক্রয়ের ও বিনিয়োগের উপর মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. মি. অনন্ত মাহমুদের কাজী পেয়ারা চাষের সিদ্ধান্তের যথার্থতা মূল্যায়ণ কর। ৪

৫। মি. রহিম মহাখালীতে 1 to 99 নামে একটি দোকান দেন। তিনি ১২ টাকা মূল্যের ৫০০টি পুতুল কয় করে। পুতুলগুলো পরিবহন ও মজুরি বাবদ ব্যয় হয় ১০০০ টাকা। দোকান ভাড়া কর্মচারীর বেতন ও যাতায়াত বাবদ ব্যয় হয় যথাক্রমে ১০০০ টাকা, ৬০০ টাকা ও ২০০ টাকা। উক্ত প্রতিষ্ঠান ক্রয়মূল্যের উপর ২০% মুনাফা ধরার সিদ্ধান্ত নেয়।

ক. খুচরা ব্যবসায় কী? ১

খ. বিনিয়োগের সর্বোচ্চ ব্যবহার বলতে কী বুঝায়? ২

গ. মি. রহিম কর্তৃক কয়কৃত পুতুলগুলোর ক্রয়মূল্য ও একক প্রতি ক্রয় ও বিক্রয় মূল্য নির্ণয় করে দেখাও। ৩

ঘ. শহরের পরিবেশে মি. রহিমের এ ধরনের দোকান স্থাপনের সিদ্ধান্ত কতটুকু সঠিক? মূল্যায়ণ কর। ৪

৬। ময়মনসিংহের চর-পাড়ায় ১০ লক্ষ টাকা বিনিয়োগ করে মি. শাহেদ "নিরাময় ফার্মা" নামে একটি ঔষধের দোকান দেন। দোকানের কাছাকাছি হাসপাতাল, ক্লিনিক, মেটারনিটি থাকায় অল্প দিনের মধ্যেই অত্যন্ত জনপ্রিয় ও লাভজনক প্রতিষ্ঠানে রূপ নেয়। মি. শাহেদ তার দোকানে জীবন রক্ষাকারী ঔষধ সংরক্ষণের জন্য নির্দিষ্ট তাপমাত্রায় ঔষধ সংরক্ষণের ব্যবস্থা রেখেছেন। তারপরও কিছু কিছু ঔষধের ব্যবহার সময় উৎপাদনকালের খুব কাছকাছি হওয়ায় তিনি প্রায়ই সমস্যায় পড়েন।

ক. বিক্রয় পূর্বাভাস কী? ১

খ. হস্তশিল্প বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপক অনুযায়ী মি. শাহেদের ব্যবসায়টির প্রধান ঝুঁকি কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. ঔষধের দোকান স্থাপনের ক্ষেত্রে স্থান নির্বাচনের বিষয়ে শাহেদের সিদ্ধান্ত কতটুকু সঠিক? মূল্যায়ণ কর। ৪

৭। জনাব আবুল নাবিস্কো মোড়ে একটি রিক্সা মেরামতের দোকান চালু করেন। কিছু দিনের মধ্যে তিনি একটি রিক্সা গ্যারেজ স্থাপন করে অনেকগুলো রিক্সার মালিক হন। ফলে কিছুদিনের মধ্যেই তিনি একজন সফল রিক্সা গ্যারেজ উদ্যোক্তা হিসেবে সুনাম অর্জন করেন। কিন্তু ইদানিং ব্যাটারী চালিত রিক্সা ইজি বাইক ইত্যাদির সংখ্যা বেড়ে যাওয়ায় তার ব্যবসায়ে মন্দাভাব দেখা দেয়ায় তিনি চিন্তিত

Copyright © Md Shah Jamal | ebd24.com

ক. উৎপাদনের বাহন কী ? ১

খ. যানবাহন মেরামত ব্যবসায় বলতে কী বুঝায় ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি কী ধরনের ব্যবসায় ? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আবুলের চিন্তিত হওয়ার যথার্থতা মূল্যায়ণসহ করণীয় নির্দেশ কর। ৪

৮। মি. সোহান একজন শিল্পপতি। বর্তমানে তিনি একটি নতুন পণ্য উৎপাদনের জন্য প্রক্রিয়া নির্ধারণ করার পাশাপাশি এর সাথে সংশ্লিষ্ট সময় নির্ধারণ করেছেন। ইদানীং তিনি কিছু পণ্যের পাইকারী ব্যবসায়ের সাথে জড়িত হয়েছেন। ফলে তাকে অনেক পণ্য মজুদ করতে হচ্ছে। এসব পণ্যের মূল্য ও সংরক্ষণ খরচ বিভিন্ন।

ক. উৎপাদন ব্যবস্থাপনা কী ? ১

খ. মান নিয়ন্ত্রণ একটি উৎপাদন চলাকালীন কাজ ব্যাখ্যা কর। ২

গ. মি. সোহান এর নতুন পণ্যের উৎপাদন নিয়ন্ত্রণের পরবর্তী পদক্ষেপটি কি হবে ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. সোহান এর জন্য মজুদযান নিয়ন্ত্রণের একটি উপযুক্ত পদ্ধতি যুক্তিসহ সুপারিশ কর। ৪

৯। জনাব রহমান একটি গরুর খামার স্থাপনের পরিকল্পনা করেন। তিনি তার সহকারীকে নির্ধারিত দুটি খামার সম্পর্কে তথ্য সংগ্রহের আদেশ দেন। সহকারী সংগৃহীত যাবতীয় তথ্য সুশৃঙ্খলভাবে লিপিবদ্ধ করে জনাব রহমান এর নিকট উপস্থাপন করেন। খামারের শেডটি পাকা নাকি আধাপাকা এ তথ্যটি তিনি লিখেননি। এ ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি অজ্ঞতা প্রকাশ করেন।

ক. কার্যভিত্তিক বিন্যাস কী ? ১

খ. প্রকল্পের সম্ভাব্যতা যাচাই কেন প্রয়োজন ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সুশৃঙ্খলভাবে লিখিত তথ্যাবলীকে কি বলে ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে তথ্য সংগ্রহের কোন পদ্ধতিটি ব্যবহার করা হয়েছিল ? যুক্তিসহ মতামত দাও। ৪

Copyright @ Mizanur Jamal | ebd24.com

নমুনা প্রশ্ন

# এইচ এস সি পরীক্ষা - ২০১৪

| বিষয় কোড ঃ | ২ | ৩ | ২ |
|---|---|---|---|

বিষয় ঃ ব্যবসায় উদ্যোগ ২য় পত্র (নৈর্ব্যক্তিক)

সময় ঃ ৪০ মিনিট — পূর্ণমান-৪০

[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (০) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]

১। মানবীয় উপাদান হলো-
ক কাঁচামাল খ যন্ত্রপাতি
গ শ্রমিক-কর্মচারী-কর্মকর্তা ঘ প্লান্ট

২। প্রতিবেদন কেমন হওয়া উচিত ?
ক মনগড়া খ সৃষ্টিধর্মী
গ তথ্য নির্ভর ঘ আদর্শ

৩। সার্বভৌমত্ব কোন পরিবেশের উপাদান ?
ক অর্থনৈতিক খ রাজনৈতিক
গ ঐতিহাসিক ঘ আইনগত

৪। আত্মকর্মসংস্থান কী ?
ক নিজের কাজ অন্যকে দিয়ে করানো
খ সবাই মিলে জনকল্যাণে কাজ করা
গ নিজেই নিজের কাজ করে অর্থ উপার্জন করা
ঘ অন্যের কাজ করা

৫। আত্মকর্মসংস্থানের জন্য অপরিহার্য কী ?
ক অভিজ্ঞতা খ প্রচুর মূলধন
গ বুদ্ধিমত্তা ও আন্তরিকতা ঘ উচ্চ শিক্ষা

৬। উদ্যোক্তা কোন ধরনের কাজ করে অধিক আনন্দ পায় ?
ক চ্যালেঞ্জমূলক কাজ খ উন্নয়নমূলক কাজ
গ ঝুঁকিপূর্ণ কাজ ঘ ঝুঁকিবিহীন কাজ

নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :
মামুন ও হাসান দু'বন্ধু মিলে পটিয়ায় একটি নার্সারী স্থাপন করেন। ফুল ও কলমের প্রচুর চাহিদা থাকায় তারা ব্যবসায় প্রচুর মুনাফা করে। নার্সারী ব্যবসায় সম্প্রসারণের জন্য তারা অগ্রণী ব্যাংক হতে ১,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন।

৭। মামুন ও হাসান কোন ধরনের ব্যবসায় সংগঠন শুরু করেন ?
ক একমালিকানা খ অংশীদারি
গ সমবায় ঘ কোম্পানি

৮। উদ্দীপকে অর্থনৈতিক পরিবেশের উপাদান হলো-
i. অংশীদারদের মূলধন ii. ব্যাংক ঋণ
iii. শ্রম-বিনিয়োগ
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৯। ম্যাক্রোস্কিনিং এ কোন ধরনের উপাদান বিশ্লেষণ করে।
ক সামষ্টিক পরিবেশগত খ ব্যষ্টিক পরিবেশগত
গ সামাজিক পরিবেশগত ঘ রাজনৈতিক

১০। পরিকল্পনার কোন পর্যায়ে উদ্যোক্তা মুনাফা বৃদ্ধির জন্য চিন্তা করেন ?
ক উৎপাদন পরিকল্পনা খ বিপণন পরিকল্পনা
গ অর্থনৈতিক পরিকল্পনা ঘ ক্রয় পরিকল্পনা

১১। নিচের কোনটি ব্যবসায় পরিকল্পনা পর্যায়ের বহির্ভূত ?
ক প্রকল্প ধারণা চিহ্নিতকরণ খ প্রকল্প নির্বাচন
গ সংগঠন ও ব্যবস্থাপনা ঘ প্রকল্পের সম্ভাব্যতা যাচাই

১২। নিচের কোনটি ম্যাক্রো পরিবেশের উপাদান বহির্ভূত ?
ক প্রযুক্তিগত পরিবেশ খ জনসংখ্যা
গ মূলধনের প্রাপ্যতা ঘ রাজনৈতিক পরিবেশ

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :
মি. খালেক একজন ফল ব্যবসায়ী। তিনি ঢাকা থেকে ফল কিনে নরসিংদিতে মানুষের চাহিদা অনুযায়ী বিক্রি করেন। এভাবে তিনি ব্যবসায়ে সাফল্য অর্জন করেন। তিনি ব্যবসায়টি সম্প্রসারণের চিন্তা করছেন।

১৩। মি. খালেক কোন ধরনের উপযোগ সৃষ্টি করছেন ?
ক সময়গত খ স্থানগত
গ রূপগত ঘ ঝুঁকিগত

১৪। ব্যবসায় সম্প্রসারণের জন্য মি. খালেকের মুখ্য কাজ হবে-
ক ঋণ গ্রহণ খ পরিকল্পনা প্রণয়ন
গ ব্যবসায় পরিবর্তন ঘ অংশীদার গ্রহণ

১৫। প্রাক নির্বাচনী পর্যায়ে চিন্তা করতে হবে-
i. প্রকল্পের দুর্বলতা ii. সংগঠনের প্রকৃতি
iii. মুনাফা অর্জনের সম্ভাবতা
নিচের কোনটি সঠিক ?
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

১৬। সমচ্ছেদ বিন্দু নির্ণয়ে প্রয়োজন হয়-
i. মোট স্থায়ী ব্যয় ii. বিক্রয় মূল্য
iii. একক প্রতি মুনাফা
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৭। মুখ্য ব্যয়ের উপাদানগুলো হলো-
i. প্রত্যক্ষ কাঁচামাল ii. প্রত্যক্ষ মজুরি
iii. কারখানার উপরি খরচ
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮। উৎপাদনের উপকরণ প্রধানত কয়টি ?
ক ৩টি খ ৪টি
গ ৫টি ঘ ৬টি

১৯। উৎপাদন ব্যবস্থাপনার প্রস্তুতি পর্বের কার্যাবলির অন্তর্ভুক্ত-
ক রক্ষণাবেক্ষণ খ দ্রব্যের ডিজাইন স্থিরকরণ
গ বাজেট প্রণয়ন ঘ কারখানা গৃহ নির্মাণ

২০। যন্ত্রপাতি বিন্যাসের পদ্ধতি কয়টি ?
ক ৩টি খ ৪টি
গ ৫টি ঘ ৬টি

২১। মাছের ক্ষতরোগের জন্য ব্যবহৃত ঔষধ হলো-
ক জেন্টামাইসিন খ স্টেপটোমাইসিন
গ তুঁতে ঘ খনিজ লবণ

Copyright © Md Shah Jamal | ebd24.com
http://ebd24.com

২২। উৎপাদন নিয়ন্ত্রণের উদ্দেশ্য হলো-
i. চাহিদা মোতাবেক পণ্য উৎপাদন ii. উৎপাদনের গতি বজায় রাখা
iii. ন্যূনতম ব্যয়ে পণ্য উৎপাদন
নিচের কোনটি সঠিক ?
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

২৩। উৎপাদন পরিকল্পনার অভ্যন্তরীণ উপাদান হলো-
ক কাঁচামালের প্রাপ্যতা খ পরিচালন পদ্ধতি
গ বাজার চাহিদা ঘ শ্রমিক প্রাপ্যতা

নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :
জনাব পরেশ তার বাড়ি সংলগ্ন কয়েকটি পুকুর লিজ নিয়ে রুই, কাতলা, মৃগেল ও চিংড়ী চাষ শুরু করেন। সম্প্রতি মাছের খাদ্যের দাম বেড়ে যাওয়ায় আগের মত মুনাফা অর্জিত হচ্ছে না।

২৪। বিভিন্ন বয়সের মাছের জন্য প্রয়োজনীয় পুকুরগুলো হলো-
i. ছোট পুকুর ii. আতুর পুকুর
iii. চারা পুকুর
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫। মৎস চাষের প্রধান ঝুঁকি হলো-
ক মৎস খাদ্যের দাম বৃদ্ধি খ পচনশীলতা
গ বাজারজাতকরণ সমস্যা ঘ স্বল্প মূলধন

নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :
মি. আজম সম্প্রতি এম. বি.এ পাস করে বার্জার (বা) লিঃ এর উৎপাদন ব্যবস্থাপক হিসেবে যোগ দেয়। উৎপাদন ব্যবস্থাপনার নানা কাজ সফলভাবে সম্পাদন করায় তিনি গত মাসে কোম্পানি কর্তৃক পুরস্কৃত হয়েছেন।

২৬। মি. আজমের জন্য প্রস্তুতি পর্বের কাজ হলো-
ক বাজেট প্রণয়ন খ কারখানা গৃহ নির্মাণ
গ উৎপাদন পরিকল্পনা ঘ উৎপাদন নিয়ন্ত্রণ

২৭। মি. আজমের উৎপাদন চলাকালীন কাজগুলো হলো-
ক মজুদমাল নিয়ন্ত্রণ খ দ্রব্যের ডিজাইন ঠিক করা
গ যন্ত্রপাতি বিন্যাস ঘ কারখানার অবস্থান নির্ধারণ

২৮। পণ্য বন্টনপ্রণালীর সর্বশেষ স্তরে অবস্থান করে কে ?
ক উৎপাদক খ ভোক্তা
গ পাইকার ঘ খুচরা ব্যবসায়ী

নিচের উদ্দীপকটি পড়ে ২৯, ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও :
জনাব আজাদ সার, বীজ, কীটনাশকের একটি দোকান স্থাপন করেন। তিনি তার ব্যবসায়ে স্থায়ী মূলধন হিসেবে ২,০০,০০০ টাকা, চলতি মূলধন হিসেবে প্রতিমাসে ৫০,০০০ টাকা ও বার্ষিক ৯,০০,০০০ টাকার মাল বিক্রয় করেন।

২৯। জনাব আজাদের ব্যবসায়টি কোন ধরনের ?
ক কৃষি উপকরণ ব্যবসায় খ ওষধপত্রের ব্যবসায়
গ হস্তশিল্প ব্যবসায় ঘ কৃষি ব্যবসায়

৩০। জনাব আজাদের বার্ষিক নীট মুনাফার পরিমাণ কত ?
ক ১,৫০,০০০ খ ৩,০০,০০০
গ ৫,০০,০০০ ঘ ৬,৫০,০০০

৩১। জনাব আজাদের বিনিয়োগের উপর আয়ের হার কত ?
ক ৬০% খ ৮০%
গ ১০০% ঘ ১২০%

৩২। ঔষধ ব্যবসায়ের ঝুঁকি কোনটি ?
ক অস্থিতিশীল বাজার খ বিক্রয় পূর্বাভাস প্রণয়ন
গ ভোক্তার রুচি ও চাহিদা ঘ অবৈধ ও নেশা দ্রব্য

৩৩। খুচরা ব্যবসায়ের ঝুঁকিগত উপাদান কোনটি ?
ক পণ্য চাহিদা হ্রাস খ দ্রুত সিদ্ধান্ত
গ অবস্থানগত অসুবিধা ঘ মালিকের অদক্ষতা

৩৪। খুচরা ব্যবসায়ের সাফল্যের জন্য প্রয়োজন-
i. ব্যবসায়ের স্থান নির্বাচন ii. সুযোগ্য বিক্রয়কর্মী নিয়োগ
iii. কর্মসংস্থান
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৫। বিক্রয় পূর্বানুমানের পদ্ধতি হলো-
i. ভোক্তা সাক্ষাৎকারের পদ্ধতি ii. লিখিত পদ্ধতি
iii. মনস্তাত্ত্বিক পদ্ধতি
নিচের কোনটি সঠিক ?
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

৩৬। কোনটি সেবাপণ্যের বৈশিষ্ট্যের বহির্ভূত ?
ক সেবা অস্পর্শণীয় খ সেবা অদৃশ্যমান
গ সেবা মজুদযোগ্য নয় ঘ সেবা বিক্রয়ের পূর্বাভাস

৩৭। ব্যবসায়ের প্রাথমিক পর্যায়ে কোন ধরনের পণ্য বাজারজাত বা বিক্রয় করা হতো ?
ক বস্তুগত বা কায়িক খ সেবা পণ্য
গ শিল্প পণ্য ঘ সৌখিন পণ্য

৩৮। সেবামূলক ব্যবসায়ের এলাকা নির্বাচনে বিবেচ্য বিষয়টি কোনটি ?
ক জনবহুল এলাকা খ পেশাগত সেবা
গ তথ্য সংক্রান্ত সেবা ঘ পণ্য সরবরাহ সেবা

৩৯। রেঁস্তোরা ব্যবসায়ের এলাকা নির্বাচনে বিবেচ্য বিষয় কোনটি ?
ক জনবহুল এলাকা খ পেশাগত সেবা
গ তথ্য সংক্রান্ত সেবা ঘ পণ্য সরবারহ সেবা

৪০। কোনটি সেবা ব্যবসায়ের ঝুকিগত উপাদান বহির্ভূত ?
ক মিথ্যা আশ্বাস খ সেবার মান বজায় রাখা
গ প্রতিযোগির আবির্ভাব ঘ ব্যবসায় পরিকল্পনা প্রণয়ন

Copyright @ Md Shah Jamal | ebd24.com

http://ebd24.com